BN

# SEVEN & i Group ব্যবসায়ে অংশীদারিত্বের কর্ম নির্দেশিকা

## I. ভূমিকা

- **SEVEN & i Group কর্পোরেট মতাদর্শের উপর ভিত্তি করে আন্তরিকভাবে আচরণ করার জন্য পরিশ্রম করে এবং একটি দীর্ঘস্থায়ী সমাজের ধারনা তৈরিতে এটির অবদান দেখা যায়।**

  কর্পোরেট মতাদর্শ
  আমাদের লক্ষ্য একটি খাঁটি সংস্থা হয়ে ওঠা যার উপর আমাদের গ্রাহকেরা ভরসা করে।
  আমাদের লক্ষ্য এমন একটি খাঁটি সংস্থা হয়ে ওঠার যার উপর আমাদের ব্যবসায়িক অংশীদার, শেয়ারহোল্ডার, এবং স্থানীয় সম্প্রদায় বিশ্বাস করে।
  আমাদের লক্ষ্য এমন একটি খাঁটি সংস্থা হয়ে ওঠার যার উপর আমাদের কর্মচারীরা ভরসা করে।

- **আমাদের প্রচেষ্টা আমাদের ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে পারস্পরিক লাভজনক একটি সম্পর্ক গড়ে তোলা এবংএমন দূরদর্শিতা অর্জনে অবদান রাখা যা হল "দীর্ঘস্থায়ী উন্নতির জন্য2030 সালের মধ্যে" "কাউকে পিছনে ফেলে আসা হবেনা কার্যাবলী"**

  আমাদের ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে একত্রে, আমরা "মানুষের অধিকারের সম্মান এবং নিরাপত্তা", "বিশ্ব পরিবেশ রক্ষা" এবং "আইনের অনুবর্তিতা"এর ধারনা বর্ধিত করতে সংগ্রাম করি এবং দীর্ঘস্থায়ী সমাজব্যবস্থার ধারনা তৈরি করতে অবদান রাখি।
  আমাদের ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে একত্রে, আমরা আমাদের গ্রাহকদের নিরাপদ এবং নির্ভরযোগ্য পণ্য এবং পরিষেবা দেওয়ার চেষ্টা করি এবং একটি সুস্বাস্থ্যকর ও সমৃদ্ধিশালী ভবিষ্যৎ তৈরি করতে সাহায্য করি।
  আমাদের ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে একত্রে, আমরা সেই সমস্ত সামাজিক কারণগুলি নিয়ে কাজ করার চেষ্টা করি যা সামাজিক বর্জন সৃষ্টি করে এবং এমন একটি সামাজিক পরিকাঠামো তৈরি করতে সাহায্য করি যেখানে কোন মানুষ বাদ পড়বেন না।

## II. "SEVEN & i Group ব্যবসায়িক অংশীদারদের দীর্ঘস্থায়ী কর্মনির্দেশিকা" এর প্রয়োগ

**SEVEN & i Group অনুরোধ করে যে সমস্ত ব্যবসায়িক অংশীদাররা "SEVEN & i Group ব্যবসায়িক অংশীদারদের দীর্ঘস্থায়ী কর্মনির্দেশিকা" বোঝে এবং সেটি মেনে চলে।**

1. সমস্ত ব্যবসায়িক অংশীদারের SEVEN & i Group ব্যবসায়িক অংশীদারদের দীর্ঘস্থায়ী কর্মনির্দেশিকা (যা এখন থেকে "ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকা" হিসাবে উল্লিখিত হবে) বুঝতে ও মেনে চলতে হবে এবং নিশ্চিত হতে হবে, যেসমস্ত সরবরাহকারী যারা SEVEN & i Group এর হ্যান্ডেল করা পণ্য যোগার করে তারাও এই ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকা বুঝে।
2. আমরা অনুরোধ জানাই যে আমাদের ব্যবসায়িক অংশীদারেরা যেমন প্রয়োজন পড়বে তেমন ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকার সঙ্গে তাদের অনুবর্তিতার অবস্থার ব্যাপারে তথ্য SEVEN & i Groupকে প্রদান করবেন।

3. যেকোনো গুরুতর আচরণ যা ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকাকে লঙ্ঘন করে, যার অন্তর্গত শারীরিক আঘাত সৃষ্টিদ্বারা দুর্ঘটনা, মানবাধিকারের অপব্যবহার এবং আইন অমান্য হলে তা অবিলম্বে যথাযথ মানুষের কাছে রিপোর্ট করা উচিত SEVEN & i Group এর প্রতিটি অপারেটিং কোম্পানির সঙ্গে। এই ধরণের কাজের ব্যাপারে অবিলম্বে সংশোধন এবং প্রতিকার বিধান দেওয়া হবে, এবং চেষ্টা করা হবে যাতে ক্ষতির সম্প্রসারণ প্রতিরোধ করা যায়, কারণ চিহ্নিত করা যায় এবং এই ঘটনা আবার ঘটা থেকে আটকাতে বিভিন্ন উপায় অবলম্বন করা যায়।
4. যে সমস্ত ব্যবসায়িক অংশীদাররা SEVEN & i Group এর ব্যক্তিগত ব্রান্ডের পণ্য এবং পরিষেবা (যা এখন থেকে "পিবি পণ্য" হিসাবে উল্লিখিত হবে) তৈরি এবং প্রদান করার ব্যাপারে সংযুক্ত তাদের এমন একটি নীতির বিকাশ করা উচিত যাতে ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকা অনুযায়ী একই রসদ প্রদান করা থাকে, কোম্পানির ভিতরে এবং বাইরে তারা সেই নীতি সবাইকে জানায়, এবং একটি পরিকাঠামো তৈরি করে যাতে এই নীতি প্রয়োগ করা যায়, এবং উভয় এই নীতি এবং এই পরিকাঠামো চালানোর প্রচেষ্টা চালায়।
   ব্যবসায়িক অংশীদারদের তাদের নিজেদের কোম্পানিতে সমস্যাগুলি চিহ্নিত করার জন্য আসল অবস্থার পর্যায়ক্রমিক পরীক্ষা করতে হবে, প্রতিকার প্রদান করতে হবে, এবং চিহ্নিত করা সমস্যাগুলিকে সঠিক করতে হবে এবং সেই সমস্যার যাতে পুনরাবৃত্তি না হয় তা প্রতিরোধ করার জন্য ব্যবস্থা নিতে হবে।
5. মানবাধিকারের এবং আইনের লঙ্ঘন যা এই ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকার সঙ্গে অননুবর্তিতা তৈরি করে যদি এমন কোন গুরুতর কাজ হয়েছে বলে আবিষ্কার করা হয়, লেনদেন তাৎক্ষনিকভাবে বন্ধ হতে পারে অথবা চুক্তিপত্রগুলি ভঙ্গ করা হতে পারে। সেই ক্ষেত্রে, SEVEN & i Group এবং এটির অপারেটিং কোম্পানিগুলি থেকে কোন প্রতিদান বা ক্ষতিপূরণ দেওয়া হবেনা যদি কোন ক্ষতি ঘটে।

## III. SEVEN & i Group ব্যবসায়িক অংশীদারদের দীর্ঘস্থায়ী কর্ম নির্দেশিকা

### 1. মানবাধিকারের সম্মান এবং সুরক্ষা

**তাদের ব্যবসায়িক কার্যকারিতার সঙ্গে যুক্ত সমস্ত ব্যক্তির মানবাধিকার সম্মান করা হবে এবং সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে রক্ষা করা হবে, এবং উৎপাদনক্ষমতা বৃদ্ধি করাকালীন বিশ্বাসযোগ্য সম্পর্ক স্থাপন করা হবে।**

1. আন্তর্জাতিক ঘোষণা যেমন "আন্তর্জাতিক মানবাধিকার বিল"এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) ঘোষণাকৃত "কর্মের মৌলিক নীতিগুলো ও অধিকার" মান্য করতে হবে।
2. মানবাধিকারের অপব্যবহারের সঙ্গে কোন প্রত্যক্ষ অথবা পরোক্ষ যোগাযোগ থাকা চলবে না।
3. প্রত্যেক দেশের ও অঞ্চলের মানবাধিকার যদি তাদের আইন ও নিয়মের অধীনে যথেষ্টরূপে রক্ষিত না হয়,
   তাহলে "আন্তর্জাতিক মানবাধিকার বিল" এবং আইএলও-র ঘোষণাকৃত "কর্মের মৌলিক নীতিগুলো ও অধিকার"-এর ভিত্তিতে তা রক্ষা করা হবে।
4. ব্যবসায়িক কারণের জন্য মানবাধিকারের সম্মান এবং সুরক্ষাকে অবহেলা করা হবেনা।
5. যদি মানবাধিকারের কোন উল্লঙ্ঘন খুঁজে পাওয়া যায়, সেই সমস্ত কর্মীদের জন্য প্রতিকার প্রয়োগ করা হবে।
6. মানবাধিকারের সম্মান করা এবং রক্ষার উদ্দেশ্যে নীতি প্রণয়ন, ব্যবস্থা নির্মাণ, প্রশিক্ষণের বাস্তবায়ন, এবং অভ্যন্তরীণ প্রতিবেদন ব্যবস্থা তৈরি করতে হবে।

## 2. আইন মেনে চলা

1. প্রতিটি দেশ এবং অঞ্চলে উভয় প্রযোজ্য আইনের বিধান এবং চেতনা এবং প্রযোজ্য আন্তর্জাতিক নিয়মগুলি মেনে চলতে হবে।
2. আইন মেনে চলার উদ্দেশ্যে নীতি প্রণয়ন, ব্যবস্থা নির্মাণ, প্রশিক্ষণের বাস্তবায়ন, এবং অভ্যন্তরীণ প্রতিবেদন ব্যবস্থা প্রভৃতি তৈরি করতে হবে।

## 3. কোন শিশুশ্রম নয় এবং অল্পবয়স্ক কর্মীদের জন্য সুরক্ষা

**একটি শিশুর শিক্ষা দীর্ঘস্থায়ী এবং সুস্থ সমাজ গড়ে তোলার জন্য গুরুত্বপূর্ণ, এবং শিশুশ্রম সম্পূর্ণ বন্ধ করা উচিত যেহেতু এটি সেই সুযোগের প্রতিরোধ করে। সমাজে মানিয়ে নেওয়ার ব্যাপারে তাদের অভিজ্ঞতার অভাবের কারণে অল্পবয়সী কর্মীদের সম্পূর্ণ সুরক্ষা দেওয়া উচিত।**

1. নিয়োগের সময়, যেকোনো কর্মীর বয়স নিশ্চিত করা উচিত।
2. শিশুশ্রমের কোন প্রয়োগ হওয়া উচিত নয়, যা আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) সম্মেলনের অধীনে এবং প্রযোজ্য স্থানীয় আইন অনুযায়ী নিষিদ্ধ।
   *আইএলও সম্মেলন নির্দিষ্ট করে যে কর্মীদের বাধ্যতামূলক শিক্ষার বয়সের থেকে কমবয়সী হওয়া যাবেনা এবং যেকোনোক্ষেত্রে অন্তত 15 বছর বয়সী হওয়া উচিত। (যদিও, এখানে একটি ব্যতিক্রম আছে যে সমস্ত কর্মীরা বিপদজনক পরিবেশে কাজ করে তাদেরকে যেকোনো দেশে অন্তত 18 বছর বয়সী হতে হবে অথবা উন্নয়নশীল দেশগুলিতে স্থানান্তরের সময়ে অন্তত 14 বছর বয়সী হতে হবে,এবং হালকা কাজ বা সহজ কাজের শ্রেণীবিভাগে আরেকটি ব্যতিক্রম আছে।)
3. রাত্রে 18 বছরের কম বয়সের কোন কর্মীর ব্যবহার থাকা উচিত নয় এবং/অথবা বিপদজনক অবস্থায়।

## 4. কোন জবরদস্তি শ্রম নয়

**কর্মচারীদের তাদের নিজেদের ইচ্ছায় তাদের কাজে সংযুক্ত হওয়া উচিত, এবং জবরদস্তি শ্রমের কোন ব্যবহার থাকবে না। নিষিদ্ধ শ্রম অভ্যাসের অন্তর্গত হচ্ছে কর্মীর নিজস্ব ইচ্ছা না থাকা সত্ত্বেও কাজ করানো এবং শাস্তির ভয়ের কারণে কর্মীকে দিয়ে জোর করে কাজ করানো।**

1. জোরপূর্বক শ্রম, আটক করে রেখে শ্রম এবং জোরপূর্বক কৃতদাসের মত শ্রম বন্ধ করতে হবে।
2. কর্মীদের জোরপূর্বক টাকা জমা করানো উচিত নয়, এবং জমা হিসাবে তাদের আসল চিহ্নিতকরণের নথিও রাখা উচিত নয়।
3. এটি নিশ্চিত করা উচিত যে কর্মীরা হয়তো স্বেচ্ছায় এই চাকরী ছেড়ে যেতে পারে।
4. এটি নিশ্চিত করা উচিত যে কর্মচারীরা কাজের পরে কর্মস্থান ছেড়ে যেতে পারেন, এবং কর্মীর সম্মতি ছাড়া কোন ওভারটাইম দেওয়া হবেনা।
5. নিরাপত্তা ক্যামেরার ব্যবহার এবং নিরাপত্তা কর্মীদের বণ্টনের উদ্দেশ্য হল অপরাধ প্রতিরোধ, তথ্য ব্যবস্থাপনা এবং পেশাগত সুরক্ষা ব্যবস্থাপনা এবং এটি কর্মীদের পর্যবেক্ষণের জন্য অভিপ্রেত নয়।

## 5. জীবিকা নির্বাহের বেতন

**প্রচেষ্টা করা উচিত যাতে চ্যালেঞ্জিং এবং মানবিক কাজের সুযোগ প্রদান করা যায় এবং যথেষ্ট পরিমাণ বেতন প্রদান করা যায় যাতে স্বাস্থ্যকর এবং সভ্য জীবনযাপন করা নিশ্চিত করা যেতে পারে। জীবিকা নির্বাহের মত বেতন বজায় রাখা উচিত, যা শিশুশ্রমের উচ্ছেদে অবদান রাখে এবং সমাজের স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্য করে।**

1. প্রযোজ্য স্থানীয় আইন বা শিল্প অনুযায়ী নির্দিষ্ট করা পরিমাণ অনুযায়ী কর্মীদের ন্যুনতম বেতন দেওয়া উচিত অথবা তার বেশী, যেটি বেশী হবে সেটি প্রযোজ্য হবে এবং প্রদান করতে হবে।
2. অতিরিক্ত সময় ভাতা প্রদান করতে হবে এবং এটি আইনি হারের সমান অথবা তার থেকে থেকে বেশী হতে হবে।
3. আইনত প্রয়োজনীয় সমস্ত ভাতা এবং কর্মী সুবিধাগুলি কর্মীদের প্রদান করতে হবে।
4. যথেষ্ট বিবেচনামুলক পরিমাণ বেতন কর্মীদের প্রদান করতে হবে যাতে তারা প্রতিটি দেশ এবং এলাকায় তারা খাদ্য খেয়ে এবং প্রমাণ মানের স্তরে তাদের জীবন বাঁচতে পারে।
5. নিয়োগের অবস্থার ব্যাপারে তথ্য সহজে বোঝা যাবে এমন হওয়া উচিত এবং যেকোনো সময়ে উপলব্ধ হওয়া উচিত।
6. প্রতিবার বেতন দেওয়ার সময় কত ঘণ্টার কাজের বেতন দেওয়া হল এবং বেতনের ভাগগুলি কর্মচারীকে প্রতিবার দেখিয়ে দিতে হবে।
7. বেতন নিখুঁতভাবে গণনা করা উচিত এবং প্রমাণ দেওয়া উচিত।

## 6. দুর্ব্যবহার, হয়রানি, বৈষম্য এবং শাস্তির বর্জন

**যেকোনো ধরণের দুর্ব্যবহার, হয়রানি, বৈষম্য, এবং শাস্তি বর্জন করা উচিত, এবং চেষ্টা করা উচিত যাতে মানবিক এবং প্রতিযোগিতামূলক কাজের পরিবেশ তৈরি করা যায়। বৈষম্যের ফলে শুধুমাত্র যে কাজের সুযোগের অযথা ক্ষতি করে এবং মৌলিক মানবাধিকার লঙ্ঘন করে তাই নয়, বরং এটি সম্ভাব্য মানব সম্পদের অস্তিত্ব অস্বীকার করে যা সমাজে অবদান রাখতে পারে, যার ফলে গুরুত্বপূর্ণ সামাজিক ক্ষতি হতে পারে।**

1. যেকোনো শারীরিক বা মানসিক দুর্ব্যবহার, দুর্ব্যবহারের হুমকি, অথবা কর্তৃত্বের অপব্যবহার, যৌন হয়রানি অথবা অন্যান্য হয়রানি নিষিদ্ধ করা উচিত এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত।
2. জাতি, ত্বকের রঙ, লিঙ্গ, ধর্ম, রাজনৈতিক মতামত, জন্মের স্থান, সামাজিক উৎস, বয়স, অক্ষমতা, এইচআইভি/এডস সংক্রমণ, শ্রমিক ইউনিয়নের সদস্যপদ, যৌন দৃষ্টিভঙ্গি, লিঙ্গের চিহ্নিতকরণ অথবা অন্যান্য অবস্থা, এবং নিয়োগের সময় সমান সুযোগের প্রাপ্যতা, ক্ষতিপূরণ, কাজে পদোন্নতি, পুনঃসংস্থাপন, প্রশিক্ষণ, বরখাস্ত বা পদত্যাগ এর ভিত্তিতে বৈষম্যের প্রতিরোধ অথবা বর্জন।
3. যদি কোন দুর্ব্যবহার, হয়রানি, বৈষম্য অথবা শাস্তির ঘটনা ঘটেছে বলে খুঁজে পাওয়া যায়, তেমন কর্মীকে তার প্রতিকার দেওয়া হবে।
4. স্থানীয় আইনের অধীনে আর্থিক জরিমানা করা হবে। শাস্তিমূলক ব্যবস্থার প্রক্রিয়া এবং জরিমানার পরিমাণ আইনের দায়রায় যেমন অনুমোদিত সেই অনুযায়ী নির্ধারিত হবে এবং এমনভাবে যা কর্মচারীদের তাদের জীবন বাঁচতে বাধা না দেয়। শ্রম নিয়ম এবং অন্যান্য আইনে এই বিষয়গুলি পরিষ্কারভাবে নির্দিষ্ট করা উচিত

এবং অন্যান্য নিয়মগুলি কর্মচারীদের দ্বারা সম্পূর্ণভাবে বোঝা উচিত।

## 7. কর্মসংস্থান এবং কর্মচারীদের সুরক্ষা

**ব্যবসায়িক কাজকর্মের সঙ্গে যুক্ত সমস্ত ব্যক্তিকে যথাযথভাবে একটি পরিষ্কার, কার্যকরী, প্রতিযোগিতামূলক এবং মানবিক কাজের পরিবেশে সংযুক্ত করা হবে যাতে মানবাধিকারের সুরক্ষা, নিরাপত্তা এবং স্বাস্থ্য বিবেচনা করা হয়।**

1. নিয়োগের পরে, প্রযোজ্য স্থানীয় আইন অনুযায়ী কর্মীর সঙ্গে একটি যথাযথ শ্রম চুক্তিপত্র স্থাপন করা উচিত।
2. শ্রমের ঘণ্টাগুলি, বিরতির সময় এবং ছুটির দিন প্রযোজ্য স্থানীয় আইনের উপর ভিত্তি করে দেওয়া হবে অথবা এই শিল্পে যেমন মান নির্ধারণ করা হয়েছে সেই মতো দেওয়া হবে, যেটি কর্মচারীদের জন্য বেশী সুবিধাজনক হবে।
3. একজন কর্মীর সম্মতি ছাড়া ওভারটাইমের কাজ প্রয়োজন হওয়া উচিত নয়।
4. আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সুপারিশ এর উপর ভিত্তি করে কাজের সময়ের মান অর্জন করার জন্য প্রচেষ্টা করা উচিত।

   *আইএলও **"কাজের ঘণ্টা হ্রাসের সুপারিশ**, 1962" (কৃষি, জিনিসপত্র পাঠানো এবং সমুদ্রে মাছ ধরার শিল্প ছাড়া)

   - একটি সামাজিক মান হিসাবে চল্লিশ-ঘণ্টার নিয়ম প্রগতিশীলতার সঙ্গে অর্জন করা উচিত।
   - কাজের সময়ের ঘণ্টা হ্রাস হওয়ার জন্য কর্মীদের বেতনের কোন হ্রাস হওয়া উচিত নয়।
   - যেখানে সাধারণ কর্ম সপ্তাহ আটচল্লিশ ঘণ্টার বেশী হয়ে যায়, এটিকে আটচল্লিশ ঘন্টার স্তরে নামিয়ে আনতে অবিলম্বে পদক্ষেপ নেওয়া উচিত।
5. এটি নিশ্চিত করা উচিত যে কর্মীরা হয়তো একটি শ্রমিক ইউনিয়নের ব্যবস্থা করতে পারেন এবং স্থানীয় আইন অনুযায়ী সেই শ্রমিক ইউনিয়নের অংশ হতে পারেন তাদের বিবেচনা অনুযায়ী।
6. শ্রমিক ইউনিয়নের ব্যবস্থা করা, একটি শ্রমিক ইউনিয়নের সদস্য হওয়া, নিয়োগ এবং পদোন্নতির সিদ্ধান্ত, একজন কর্মীর বরখাস্ত বা স্থানান্তর জাতীয় কার্যকারিতার সঙ্গে জড়িত বৈষম্য প্রতিরোধ করতে নীতি এবং প্রক্রিয়া তৈরি করা উচিত।
7. একজন নিয়োগকর্তা, শ্রমিক ইউনিয়ন এবং শ্রমিকদের প্রতিনিধিরা তাদের সবার জন্য স্বাধীনভাবে কোন একটি সমস্যা আলোচনা করে একটি সন্তোষজনক সমাধানে পৌঁছাতে পারবেন এবং একটি কর্মী কর্মচারী সম্পর্কে পৌঁছবেন যা যথাযথভাবে কাজ করে।
8. এটি নিশ্চিত করা উচিত যে কর্মস্থানের নির্মাণ এবং সরঞ্জাম, এবং কর্মীদের প্রদান করা থাকার জায়গা যথেষ্ট মানের অনুবর্তী হবে যাতে তাদের নিরাপত্তা নিশ্চিত করা যায়, এবং এই যে স্থানীয় ভবনের মানের সঙ্গে আইন এবং নিয়মের অধীনে অনুমতি এবং অনুমোদন প্রাপ্ত করা হয়েছে, এবং এই যে ভবনগুলি যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে এবং সেই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।
9. কর্মীদের প্রদান করা কাজের জায়গায় এবং গৃহে, জরুরী প্রস্থান, সরিয়ে নেওয়ার রাস্তা এবং চিহ্ন থাকা দরকার যা স্থানীয় আইন এবং নিয়ম অনুযায়ী প্রমাণ মানের অনুবর্তী, এবং পর্যায়ক্রমিক পরিদর্শন এবং সরিয়ে নেওয়ার প্রশিক্ষণ দেওয়া হবে।
10. স্বাস্থ্যকর বিশ্রামাগার এবং পানীয় জল কর্মীদের জন্য উপলব্ধ রাখা উচিত এবং কাজের সময়ের মধ্যে তাদের ব্যবহার সীমিত করা উচিত নয়।
11. কর্মীদের তাদের কাজের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র প্রদান করতে হবে, যার অন্তর্গত ব্যক্তিগত

প্রতিরক্ষামূলক সরঞ্জাম, কিভাবে কাজ করবে তার ব্যাপারে নির্দেশাবলী, এবং প্রশিক্ষণ।

12. রাসায়নিকগুলিকে যথাযথভাবে নাড়াঘাঁটা করা এবং জমা করা উচিত, এবং প্রচেষ্টা করা উচিত যাতে কোন দুর্ঘটনা এড়ানো যায় এবং যদি কোন দুর্ঘটনা ঘটে সেক্ষেত্রে ক্ষতির প্রসার যাতে রোধ করা যায়।
13. কর্মীদের সুবিধার সঙ্গে জড়িত আইনগুলির অনুবর্তী থাকা উচিত, এবং একটি কর্মী সুবিধা অনুষ্ঠান তৈরি করার চেষ্টা করা উচিত যা কর্মীদের কোন অপ্রয়োজনীয় উদ্বেগ ছাড়া কাজ করতে দেয়।

## 8. বিশ্ব পরিবেশ সংরক্ষণ

**সব দিক থেকে বিশ্ব পরিবেশের কথা বিবেচনা করা ব্যবসা করা উচিত, যেমন কাঁচামাল সংগ্রহ, উৎপাদন, এবং এমনভাবে সরবরাহ করা যাতে একটি দীর্ঘস্থায়ী সমাজব্যবস্থা গড়ে তোলায় তার অবদান রাখা যায়।**

1. প্রতিটি দেশ এবং অঞ্চলে পরিবেশগত আইন, নিয়ম, এবং আন্তর্জাতিক রীতিনীতির অনুবর্তী হয়ে চলা উচিত।
2. এমন কোন রাসায়নিক পদার্থের ব্যবহার করা উচিত নয় যা আন্তর্জাতিক রীতিনীতি এবং স্থানীয় নিয়মের অধীনে, অথবাSEVEN & i Group এর অপারেটিং কোম্পানিগুলির অধীনে নিষিদ্ধ।
3. বর্জ্য পদার্থ, বর্জ্য গ্যাস, এবং বর্জ্য তরল যথাযথভাবে ব্যবস্থা করা উচিত যাতে তা পরিবেশে দূষণ না সৃষ্টি করে।
4. পরিবেশের উপর ব্যবসার প্রভাবের ব্যাপারে একটি যথাযথ ধারনা থাকা প্রয়োজন।
5. জৈববৈচিত্রের গুরুত্ব বোঝা উচিত এবং জৈববৈচিত্র সংরক্ষণ করা উচিত।
6. যে সমস্ত ব্যবসায়িক অংশীদার SEVEN & i Group এর অপারেটিং কোম্পানিগুলির থেকে পিবি পণ্য হ্যান্ডেল করেন তাদের সহযোগিতা করা উচিত এটির “সবুজ চ্যালেঞ্জ 2050” এর অধীনে দলের লক্ষ্যে পৌঁছানোর জন্য।
   - $CO_2$নির্গমন হ্রাস
   - 2050 সালের মধ্যে আসল পণ্যগুলির প্যাকেজিং এর জন্য 100 শতাংশ পরিবেশ-বান্ধব জিনিসপত্রের (বায়োমাস, জৈব অবক্ষয়ের ক্ষমতা সম্পন্ন এবং রিসাইকেল করা বস্তু, কাগজ প্রভৃতি) ব্যবহার অর্জন করা
   - 2050 সালের মধ্যে 100 শতাংশ খাদ্যের বর্জ্যের রিসাইকেল অর্জন করা।
   - 2050 সালের মধ্যে আসল খাদ্য পণ্যের জন্য 100 শতাংশ দীর্ঘস্থায়ী কাঁচামালের ব্যবহার প্রাপ্ত।
7. পরিবেশ-বান্ধব টেকনোলজির ব্যবহার তৈরি করতে এবং ছড়াতে প্রচেষ্টা করা উচিত, এবং এই ধরণের টেকনোলজি সক্রিয়ভাবে প্রয়োগ করা উচিত।

## 9. গোপনীয় তথ্য ফাঁস প্রতিরোধ এবং তথ্যের ব্যবস্থাপনা

তথ্য সম্পদকে “গোপনীয়”, “সম্পূর্ণ” ও “উপলব্ধ” রাখতে হবে এবং ফাঁস হওয়া, চুরি হওয়া, বিকৃতকরণ ও ইচ্ছাকৃত বা অবহেলার কারণে ক্ষতিগ্রস্ত হওয়ার হাত থেকে রক্ষা করতে হবে।

1. তথ্যের সুরক্ষা বজায় রাখতে ও নিয়ন্ত্রণ করতে একটি পদ্ধতিগত কাঠামো প্রতিষ্ঠা করতে হবে এবং এর ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ করতে হবে।
2. তথ্য শুধুমাত্র ব্যবসায়িক লক্ষ্য অর্জনের জন্যই ব্যবহার করতে হবে, এবং অন্যান্য উদ্দেশ্য, ব্যক্তিগত

ব্যবহার অথবা অন্যান্যদের দ্বারা ব্যবহার নিষিদ্ধ করতে হবে।

3. তথ্য সুরক্ষা সংক্রান্ত বিধি গঠন করতে হবে ও তা মেনে চলতে হবে, এবং সকল কর্মচারীকে পর্যায়ভিত্তিক শিক্ষার সুযোগ ও প্রশিক্ষণ প্রদান করতে হবে।
4. তথ্য সুরক্ষা বিষয়ক দুর্ঘটনা বা ঘটনার বিরুদ্ধে প্রস্তুতি নেওয়ার জন্য, দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে পারার মত কাঠামো প্রতিষ্ঠা করতে হবে, এবং এর প্রক্রিয়াগুলিও গঠন করতে হবে।
5. বিপর্যয়, দুর্ঘটনা বা অন্যান্য পরিস্থিতির ক্ষেত্রে প্রস্তুতি নেওয়ার জন্য, ব্যবসায়িক কাজ অব্যাহত রাখার একটি পরিকল্পনা গঠন করতে হবে এবং তথ্যের সুরক্ষা সুনিশ্চিত করতে হবে।
6. তথ্য সুরক্ষা সংক্রান্ত আইন, নিয়ম ও চুক্তিগত বাধ্যবাধকতাগুলির উপর লক্ষ্য রাখতে হবে।
7. তথ্য সুরক্ষা সম্পর্কিত নিয়মগুলি মেনে চলা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে স্ব-পরিদর্শন ও আভ্যন্তরীণ নিরীক্ষণগুলি করতে হবে এবং তথ্য সুরক্ষা সুনিশ্চিত করার জন্য ম্যানেজমেন্টের যুক্তিবাদিতা ও কার্যকারিতা যাচাই করতে হবে, এবং চিহ্নিত ত্রুটির সংশোধন করতে হবে।
8. কর্মচারীদের দ্বারা সোশ্যাল মিডিয়া ব্যবহারের মাধ্যমে তথ্য ফাঁস হওয়া, মানবাধিকার লঙ্ঘন করা ও বেআইনি কাজের প্রতিরোধ করতে, সোশ্যাল মিডিয়া ব্যবহারের নিয়ম প্রস্তুত করতে হবে এবং প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের তা বুঝিয়ে দিতে হবে।

## 10. ব্যক্তিগত তথ্যের ব্যবস্থাপনা

**ব্যক্তিগত তথ্যের সুরক্ষা একটি প্রধান সমস্যা এবং সকল কার্যনির্বাহী ও কর্মচারীর দ্বারা কাজের ক্ষেত্রে সামাজিক দায়িত্ব পূরণ করতে হবে এবং তা কর্তব্য হিসাবে গণ্য করতে হবে। সকল কার্যনির্বাহী ও কর্মচারী যথাযথভাবে কর্ম সম্পাদন করছেন তা সুনিশ্চিত করতে হবে।**

1. নির্দেশিত উদ্দেশ্য ছাড়া অন্য কোন উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য ব্যবহার করা যাবে না, এবং ব্যবহারের উদ্দেশ্যগুলি ছাড়া অন্যান্য ক্ষেত্রে ব্যক্তিগত তথ্য ব্যবহারের আগে ব্যক্তির কাছ থেকে অনুমতি নিতে হবে।
2. ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখতে একটি পদ্ধতিগত কাঠামো প্রতিষ্ঠা করতে হবে এবং এর ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ করতে হবে।
3. ব্যক্তিগত তথ্যকে আইন ও নিয়মগুলি মেনে যথাযথভাবে পেতে হবে, নিয়ন্ত্রণ করতে হবে, ব্যবহার করতে হবে এবং প্রদান করতে হবে।
4. ব্যক্তিগত তথ্য ফাঁস হয়ে যাওয়ার যেকোনো ঘটনা বা দুর্ঘটনার ক্ষেত্রে তৎক্ষণাৎ SEVEN & i Group এর প্রাসঙ্গিক সংস্থা ও পরিচালক কোম্পানিগুলির যথাযথ ব্যক্তিদের জানাতে হবে, এবং ক্ষতির বিস্তার রোধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

## 11. গুনমান নিয়ন্ত্রণ ও নৈতিক প্রতিক্রিয়া

**মানুষকে সমাজে সমৃদ্ধভাবে ও স্বাস্থ্যকর জীবনযাপন করতে হলে, সুরক্ষা, বিশ্বাসযোগ্যতা, উদ্ভাবন ও উচ্চমান অন্বেষণ করতে হবে, এবং গ্রাহকদের সন্তোষজনক পণ্য ও পরিষেবা প্রদানের চেষ্টা করতে হবে। চূড়ান্ত ক্রেতাদের নিরাপদ, নির্ভরযোগ্য ও নৈতিক পণ্য প্রদান করতে,** SEVEN & i group **এর প্রাসঙ্গিক পরিচালক কোম্পানির গুণগত মানের অনুবর্তী হতে হবে এবং নিম্নলিখিত বিষয়গুলি মেনে চলতে হবে**:

BN

1. পণ্য ও পরিষেবা প্রদানের কাজে কাঁচামাল সংগ্রহ করা, প্রস্তুত করা, উৎপাদন করা, মাল প্রেরণ করা, চূড়ান্ত ক্রেতাদের প্রদান করা এবং বর্জ্য নিষ্কাশন করার প্রক্রিয়া সম্পাদনের মাধ্যমে মানবাধিকারকে মর্যাদা দেওয়া ও সুরক্ষিত করা, সমাধান প্রদান করা, নিয়োগকার্যে বা কাজের পরিবেশে মনোযোগ দেওয়ার দায়িত্ব, এবং বিশ্ব পরিবেশ সংরক্ষণ করার কাজ সম্পাদন করতে হবে।
2. উৎপাদন কাজের দেশ ও বিক্রয়ের দেশে প্রতিষ্ঠিত গুনমান ও লেবেলিংয়ের মান লক্ষ্য করতে হবে।
3. পণ্য ও পরিষেবা প্রস্তুত করতে হবে ও প্রদান করতে হবে গ্রাহকের দৃষ্টিভঙ্গি অনুযায়ী এবং চূড়ান্ত ক্রেতাকে যথেষ্ট সন্তুষ্ট করতে পারে এমনভাবে পণ্য বা পরিষেবার গুনমান উন্নত করার চেষ্টা করতে হবে।
4. পণ্য ও পরিষেবার প্রস্তুত ও ব্যবস্থা করার ক্ষেত্রে উচ্চ নৈতিক ধারণাসহ আইন ও সামাজিক রীতিগুলিকে লক্ষ্য করতে হবে।
5. পণ্য ও পরিষেবা সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য চূড়ান্ত ক্রেতার কাছে যথাযথ ও বোধগম্য পদ্ধতিতে জানাতে হবে।
6. পণ্য ও পরিষেবা যা শিশুদের জন্য প্রস্তুত করা হয়েছে বা শিশুরা ব্যবহার করতে পারে, সেগুলি যাতে নিরাপদ হয় এবং মানসিক, নৈতিক বা শারীরিকভাবে তাদের যাতে কোন ক্ষতি না করে তা সুনিশ্চিত করতে হবে।

## 12. স্থানীয় ও আন্তর্জাতিক সম্প্রদায়গুলির সাথে সম্পর্ক

**যে দেশ ও অঞ্চলগুলিতে ব্যবসা পরিচালিত হবে, সেখানের মানবাধিকার, পরিবেশ, সংস্কৃতি, ধর্ম ও আচার ইত্যাদির মর্যাদা দিতে হবে, এবং এক দীর্ঘস্থায়ী সমাজ গঠনের উদ্দেশ্যে কাজ করতে হবে।**

1. আলোচনার মাধ্যমে আন্তর্জাতিক ও স্থানীয় সম্প্রদায়গুলির বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে ওয়াকিবহাল থাকতে হবে, এবং অন্যান্যগুলির মধ্যে সহযোগিতা, সহকারিতা ও ব্যবসার কাজ ইত্যাদির মাধ্যমে এই সমস্যাগুলির সমাধান পেতে সাহায্য করতে হবে।
2. ব্যবসায়িক কার্যকলাপ যা স্থানীয় বাসিন্দাদের জন্য বিপদজনক বা তাদের স্বাস্থ্যের ক্ষতি করে, সেগুলি বন্ধ করতে হবে।
3. সংগঠিত অপরাধী দল, সংগঠিত অপরাধী দলের সদস্য, সংগঠিত অপরাধী দল সম্পর্কিত কোম্পানি ও গ্রুপ, কর্পোরেট র‍্যাকেটিয়ার (সোকাইয়া), সামাজিক প্রচার বা রাজনৈতিক কার্যকলাপ চালানোর নামে অপরাধমূলক কাজের সাথে জড়িত দল, এবং বুদ্ধিযুক্ত অপরাধে পারদর্শী অপরাধী দল, অথবা অর্থ প্রদানকারী বা সমাজবিরোধী শক্তিদের সহায়তাকারী অন্যান্য ব্যক্তি বা দলের সাথে কোন সংযোগ রাখা যাবে না।
4. সমাজবিরোধী শক্তিদের সাথে কোন সম্পর্ক থাকা বা না থাকার বিষয়ে পদক্ষেপ নেওয়া হবে, এবং সুনিশ্চিত করা হবে যে বিজনেস পার্টনারদের সাপ্লায়ারদের সাথে লেনদেনকারী কোম্পানিগুলি সমাজবিরোধী শক্তি নয়। প্রতিটি চুক্তিতে সমাজবিরোধী শক্তি দূর করা সম্পর্কিত বিধান অন্তর্ভুক্ত থাকবে।

## 13. দুর্নীতিবিরোধী এবং ন্যায্য ব্যবসায়িক পন্থাসমূহ

**লেনদেন ন্যায্য, স্বচ্ছ, ও যথাযথভাবে করতে হবে, সেইসঙ্গে তা মুক্ত প্রতিযোগিতার অধীনস্থ হতে হবে। রাজনৈতিক দল ও সরকারী সংস্থাগুলির সাথে যথাযথ ও সুস্থ সম্পর্ক বজায় রাখতে হবে।**

1. ব্ল্যাকমেল ও ঘুষের মত দুর্নীতির সাথে কোনভাবে জড়িত হওয়া যাবে না।

2. ব্যবসায়িক কাজের ক্ষেত্রে জালিয়াতি, বেআইনি কাজ বা বিশ্বাসভঙ্গের ঘটনা ঘটানোর জন্য কোন উপহার, অর্থ, পুরষ্কার, ক্ষতিপূরণ বা অন্যান্য সুবিধা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গ্রহণ বা প্রদান করা যাবে না।
3. দুর্নীতিবিরোধী নীতি ও প্রশিক্ষণ ব্যবস্থা গঠন করতে হবে।
4. মুক্ত ও ন্যায্য প্রতিযোগিতার মর্যাদা দিতে হবে, এবং একাধিকার বিরোধী আইনের মত প্রাসঙ্গিক আইন ও বিধান এবং আভ্যন্তরীণ নিয়মগুলি মেনে চলতে হবে।
5. ন্যায্য ব্যবসায়িক পন্থা অনুসরণ করে যথাযথ শর্তাবলী অনুযায়ী লেনদেন চালাতে হবে এবং কোনপ্রকার ব্যক্তিগত লাভ বা সুবিধা মঞ্জুর করা হবে না।
6. আমাদের বিজনেস পার্টনারেরা প্রতিটি দেশের আইন ও বিধান মেনে চলবে এবং দেশী বা বিদেশী সরকারী আধিকারিকদের, বা অন্যান্য সমতুল্য ব্যক্তিদের রাজনৈতিক অনুদান, উপহার, বিনোদন বা আর্থিক সুবিধা প্রদানের সময় রাজনৈতিক দল ও সরকারী সংস্থাগুলির সাথে যথাযথ সম্পর্ক বজায় রাখবে।

## 14. মেধাসম্পত্তির সুরক্ষা

1. একজনের নিজের কোম্পানির দ্বারা প্রাপ্ত বা অন্তর্ভুক্ত মেধাসম্পত্তির অধিকার সুরক্ষিত রাখতে হবে এবং কোন তৃতীয় পক্ষের দ্বারা এগুলির লঙঘন প্রতিরোধ করতে যত্ন নিতে হবে।
2. অধিকার লঙঘনের সাথে কোনভাবে জড়িত হওয়া যাবে না, উদাহরণস্বরূপ, তৃতীয় পক্ষের পেটেন্ট, ইউটিলিটি মডেল, ডিজাইন, ট্রেডমার্ক, ও ব্যবসার গোপন তথ্য প্রভৃতি মেধাসম্পত্তির অননুমোদিত ব্যবহার বা অধিগ্রহণ, সফটওয়্যারের অননুমোদিত ব্যবহার এবং বিভিন্ন মাধ্যমের দ্বারা বই ও তথ্যের অননুমোদিত প্রতিলিপিকরণ ইত্যাদি।

## 15. রপ্তানি ও আমদানি ব্যবস্থাপনা

1. পণ্য ও কাঁচামাল রপ্তানি ও আমদানি সংক্রান্ত সমস্ত প্রাসঙ্গিক আইন ও নিয়ম মেনে চলতে হবে।
2. পণ্য ও কাঁচামালের জন্য পুঁজি ও সামগ্রী, অথবা শ্রমের মজুরি বিষয়ক বিধান সম্পর্কিত আন্তর্জাতিক অর্থনৈতিক নিষেধাজ্ঞাযুক্ত দেশ ও অঞ্চল, সংস্থা বা ব্যক্তির সাথে কোন সংযোগ রাখা যাবে না।

## 16. আভ্যন্তরীণ রিপোর্টিং সিস্টেম গঠন

**একটি সংস্থা বা ব্যক্তির দ্বারা ঘটানো জালিয়াতি এবং জালিয়াতি সংক্রান্ত আলোচনার সাথে সম্পর্কিত বিষয় যা কোম্পানির ভিতর থেকে অথবা বাইরে থেকে রিপোর্ট করা হয়েছে, সেই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য একটি কাঠামো প্রতিষ্ঠা করতে হবে, এবং মানবাধিকার লঙঘন ও জালিয়াতি প্রতিরোধ করতে সক্রিয়ভাবে পদক্ষেপ নিতে হবে, দ্রুত শনাক্ত করতে হবে এবং সেগুলির সংশোধন করতে হবে, এবং মানবাধিকারের সম্পূর্ণ সুরক্ষা সুনিশ্চিত করতে হবে ও অনুবর্তিতা বজায় রাখতে হবে।**

## 17. বিপর্যয় মোকাবিলার প্রস্তুতি

**বিপর্যয়ের বিরুদ্ধে প্রস্তুতি নেওয়ার জন্য, কর্মচারী ও স্থানীয় বাসিন্দাদের সুরক্ষা যার অগ্রাধিকার সর্বাধিক এবং ন্যুনতম ক্ষতি সুনিশ্চিত করে সক্রিয় ব্যবস্থাগুলি প্রযুক্ত করতে হবে। ব্যবসায়িক সম্পত্তির ক্ষতি ন্যুনতম করতে একটি কাজ অব্যাহত রাখার পরিকল্পনা গঠন করতে হবে এবং ব্যবসায়িক কাজের ধারাবাহিকতা বজায় রাখতে হবে বা যত শীঘ্র সম্ভব স্বাভাবিক কাজে ফিরে আসতে হবে, এবং এই পরিকল্পনার পর্যালোচনা করতে পর্যায়ক্রমিক সিম্যুলেশন সম্পাদন করতে হবে।**

## 18. সরবরাহ শৃঙ্খল গঠন

**আমাদের বিজনেস পার্টনারদের চেষ্টা করতে হবে যাতে বিজনেস পার্টনারদের সাপ্লায়ারগণ বিজনেস পার্টনারদের কর্ম নির্দেশিকা বুঝতে পারেন এবং সেই অনুযায়ী কাজ করতে পারেন, এবং সময় সাপেক্ষে সংশোধন ক্রিয়ায় সহায়তা ও অংশগ্রহণ করতে পারেন।**

## 19. পর্যবেক্ষণ

**পর্যবেক্ষণের মাধ্যমে "গ্রাহকদের সুরক্ষা ও বিশ্বাসযোগ্যতা প্রদান করা," "বিজনেস পার্টনারদের সাথে পারস্পরিক লাভজনক সম্পর্ক বজায় রাখা" এবং "বিজনেস পার্টনারদের কর্ম নির্দেশিকা তুলে ধরা" যাবে। আমরা আন্তরিকভাবে অনুরোধ জানাচ্ছি যে আমাদের বিজনেস পার্টনারেরা যেন পর্যবেক্ষণ কাজে সহযোগিতা প্রদান করেন।**

1. ব্যবসায়িক অংশীদার কর্ম নির্দেশিকা মেনে অনুবর্তিতা যাচাই করার কোন অনুষ্ঠান যদি ঘটে, ব্যবসায়িক অংশীদারদের সহযোগিতা করা উচিত।
2. বিজনেস পার্টনারদের কর্ম নির্দেশিকার অনুবর্তিতায় সহায়তাকারীপ্রামাণিক নথিপত্রের ও কর্ম সম্পাদনের তথ্যের যথাযথ প্রস্তুতি এবং রক্ষণাবেক্ষণ থাকা উচিৎ। SEVEN & i Group এর কাছে অনুরোধক্রমে এই নথিপত্র প্রকাশ করা হবে এবং তথ্য ভাগ করে নেওয়া হবে।
3. পর্যবেক্ষণের সময় বিজনেস পার্টনারদের কর্ম নির্দেশিকার অনুবর্তিতা খুঁজে না পাওয়া গেলে, সেগুলিকে সঠিক বা সংশোধন করার ব্যবস্থা করা হবে।

প্রণয়ন 2007 এর মার্চে
সংশোধিত 2017 এর এপ্রিলে
সংশোধিত2019 এর ডিসেম্বরে